

আনিসুল হকের মৃত্যুতে মন্ত্রী-প্রতিমন্ত্রীসহ বিভিন্ন সংগঠনের শোক

কালের কণ্ঠ অনলাইন ১ ডিসেম্বর, ২০১৭ ১৯:২৫ | পড়া যাবে ২ মিনিটে

প্রিন্ট



অ- অ অ+

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন মন্ত্রী-প্রতিমন্ত্রীও বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ। পৃথক পৃথক শোকবার্তায় তাঁরা মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবার ও স্বজনদের প্রতি গভীর সমবেদনা জানান।

শোক প্রকাশ করে যারা বিবৃতি দিয়েছেন তাদের মধ্যে রয়েছেন- বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম, এলজিআরডি ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, আইনমন্ত্রী আনিসুল হক, পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন, ভূমিমন্ত্রী শামসুর রহমান শরিফ, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক, মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি।

এছাড়া ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) মেয়র আনিসুল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে।

শোক বিবৃতিতে বলা হয়, মেয়র আনিসুল হক এফবিসিসিআইয়ের প্রাক্তন সভাপতি হিসেবে ব্যবসায়ীদের জন্য বিরাট অবদান রেখে গেছেন তা শ্রদ্ধার সাথে দেশের জনগণ স্মরণ করবে।